

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২০, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-১ শাখা।

আদেশ

তারিখ, ৩০ জৈষ্ঠ ১৪১১/১৩ জুন ২০০৮

এস, আর, ও নং ১৯২-আইন/২০০৮—যেহেতু জাপান, তাইওয়ান, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, পাকিস্তান, ভিয়েতনাম, ভারত ও মালয়েশিয়া বার্ড্ফ্লু-এর প্রাদুর্ভাব দেখা দিয়াছে; এবং

যেহেতু ২৮ জানুয়ারী, ২০০৮ ইংরেজী তারিখের এস, আর, ও নং ২০-আইন/২০০৮ জারীর মাধ্যমে উক্ত রোগের কারণে উপরোক্ত ৮টি দেশ হইতে ১ (এক) দিনের মূরগির বাচ্চা, মূরগির ডিম, হিমায়িত মূরগির মাংস, মূরগি হইতে সকল প্রকার উৎপন্ন দ্রব্যাদি (বায়োলজিকাল প্রডাক্টসহ), পোষ্য ও বন্য পাখি সাময়িকভাবে ২ (দুই) মাসের জন্য (২১ মার্চ, ২০০৮ ইংরেজী তারিখ পর্যন্ত) আমদানি স্থগিত করা হইয়াছিল; এবং

যেহেতু উক্ত রোগের প্রাদুর্ভাব বিদ্যমান থাকার কারণে ১৭ এপ্রিল, ২০০৮ তারিখের এস, আর, ও নং-১০৬-আইন/২০০৮ এর মাধ্যমে জারীকৃত উক্ত নিয়েধাজ্ঞার মেয়াদ ২১ মে, ২০০৮ ইংরেজী তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হইয়াছে; এবং

যেহেতু পোল্ট্রি খামার তথা দেশের স্বার্থ রক্ষার্থে মালয়েশিয়া ব্যতীত উপরে বর্ণিত অন্যান্য ৭ (সাত)টি দেশ থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশে উপরোক্তিত পণ্য আমদানি স্থগিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section-3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জাপান, তাইওয়ান, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, পাকিস্তান, ভিয়েতনাম এবং ভারত হইতে ১ (এক) দিনের মূরগির বাচ্চা, মূরগির ডিম, হিমায়িত মূরগির মাংস, মূরগি হইতে সকল প্রকার উৎপন্ন দ্রব্যাদি (বায়োলজিকাল প্রডাক্টসহ), পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানি স্থগিত করা হইল।

২। ইহা ২২ মে, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সামাদ
উপ-সচিব (আইআইটি-২)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুনৈরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৩৭৩১)

মূল্য : টাকা ১.০০